শ্রাবণবরিষন পার হয়ে   কী বাণী আসে ওই রয়ে রয়ে ।
গোপন কেতকীর পরিমলে,   সিক্ত বকুলের বনতলে,
দূরের আঁখিজল বয়ে বয়ে   কী বাণী আসে ওই রয়ে রয়ে ॥
কবির হিয়াতলে ঘুরে ঘুরে   আঁচল ভরে লয় সুরে সুরে ।
বিজনে বিরহীর কানে কানে   সজল মল্লার-গানে-গানে
কাহার নামখানি কয়ে কয়ে
কী বাণী আসে ওই রয়ে রয়ে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Ektaal (4-4), Raag: Desh/Behag
Visit www.geetabitan.com for notation and other detail